

কাঁদো বাঙ্গালী কাঁদো

২১শে আগস্ট ২০০৪ জননেত্রী শেখ হাসিনা ও বাংলাদেশ আওয়ামী লীগের সমাবেশে
কাপুষোচিত ঘৃণ্য গ্রেনেড হামলার প্রতিবাদে প্রবাসী বাঙ্গালীদের নেতৃত্বে

বাংলাদেশ হাইকমিশন কনস্যুলেট অফিস ঘেরাও কর্মসূচী

সুশীল সমাজ গঠনের লক্ষ্যে এবং বাংলাদেশে সুস্থ সামাজিক, অর্থনৈতিক ও রাজনৈতিক পরিবেশের মারাত্মক অবনতিতে অস্ট্রেলিয়ার প্রবাসী বাঙ্গালীরা চিন্তিত। সেই সাথে আমরা আমাদের আত্মীয়-স্বজনদের নিরাপত্তা নিয়ে ও বাংলাদেশের অর্থনৈতিক পরিস্থিতির ব্যাপক অবমূল্যায়নে উদ্দিগ্ন। এই পরিস্থিতিতে জাতীয় পর্যায়ের নেতা-কর্মীদের হত্যাকাণ্ডে ও আওয়ামী লীগের শান্তিপূর্ণ সমাবেশে গ্রেনেড হামলা করে জননেত্রী শেখ হাসিনার প্রাণনাশের চেষ্টা এবং জাতীয় নেত্রী আইতী রহমান, প্রাক্তন অর্থমন্ত্রী শাহ এ এম এস কিবরিয়া, জননেতা আহসানুল্লাহ মাস্টার, খুলনা আওয়ামী লীগ সভাপতি মঞ্জুরুল ইমামের নির্মম হত্যাকাণ্ড ও প্রবাসী বাঙ্গালীদের স্তব্ধিত করে দিয়ে এইসব হত্যাকাণ্ডের বিচারে জামায়াত-বি এন পি সরকারের চরম অনিহায় আমরা লজ্জিত।

আমরা দ্যর্থহীন কঠে ও পরিস্কার ভাষায় জানিয়ে দিতে চাই, প্রবাসী বাঙ্গালীদের অর্থে ও সাহায্যে নির্ভর এই সরকার দেশ চালাতে অক্ষম এবং আমাদের প্রিয় আত্মীয়-স্বজন তথা বাংলাদেশের নিরাপত্তা প্রদানে অপারগ।

বোমা, বুলেট আর পাশবিকতায় আক্রান্ত বাংলাদেশের এই পরিস্থিতিতে, প্রবাসী বাঙ্গালীদের আহ্বানে আগামী ২৫ শে আগস্ট ২০০৫ বাংলাদেশ হাইকমিশন কনস্যুলেট অফিসে আমরা যাবো দলে দলে।

আসুন আমরা সবাই মিলে আমাদের দেশাত্ত্ববোধ ও দায়িত্ববোধের সাথে বাংলাদেশের সমস্ত রাজনৈতিক হত্যাকাণ্ড, সংখ্যালঘু নির্যাতন, বিরোধী দলীয় নেতা-কর্মী গ্রেফতার ও নির্যাতনের প্রতিবাদে এবং তত্ত্বাবধায়ক সরকার, নির্বাচন কমিশন সংস্কারের সোচ্চার দাবীতে বাংলাদেশ হাইকমিশন কনস্যুলেট অফিস ঘেরাও কর্মসূচী দলমত নির্বিশেষে ঐক্যবদ্ধভাবে পালন করি।

আহ্বানে - প্রবাসী বাঙ্গালীদের সাথে

বাংলাদেশ আওয়ামীলীগ অস্ট্রেলিয়া শাখা, বিকল্প ধারা অস্ট্রেলিয়া,
বঙ্গবন্ধু পরিষদ অস্ট্রেলিয়া, ঘাতক দালাল নির্মূল কমিটি অস্ট্রেলিয়া, বাংলাদেশ ছাত্রলীগ
অস্ট্রেলিয়া শাখা, বাংলাদেশ যুবলীগ অস্ট্রেলিয়া শাখা